খবর সোজাসুজি

প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, টুইটার এবং ইনস্টাগ্রাম।

Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

# KHABOR SOJASUJI

# খবর সোজাসুজি

RNI NO.WBBEN/2023/87806 (Govt. Of India)

EDITOR - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের ১৫ ও ৩০ তারিখ প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র

খবর সোজাসুজি

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com

Vol-2 ● Issue- 7 ● Bardhaman ● 15 September 2024 ● Rs. 2.00 ( Four Pages ) ● Mobile - 9434566498

## এক নজরে

● "আমি মানুষের স্বার্থে এমনকি নিজে পদত্যাগ করতেও রাজি আছি। আমার মুখ্যমন্ত্রীর পদ চাই না। কিন্তু আমি চাই মানুষ বিচার পাক। তিলোত্তমা বিচার পাক। আর সাধারণ মানুষ চিকিৎসা পাক", নবান্নে সাংবাদিক সম্মেলনে বললেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● প্রয়াত সিপিএমের সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭২ বছর। তাঁর মৃত্যুতে বড়সড় শূন্যতা তৈরি হল ভারতের রাজনৈতিক মহলে। বর্ষীয়ান এই সিপিএম নেতার মৃত্যুতে রাজনৈতিক মহলে নেমে এসেছে শোকের ছায়া।

● আর্থিক দুর্নীতি মামলায় সন্দীপ ঘোষকে গ্রেফতার করল সিবিআই।

● চোর চোর স্লোগান,সন্দীপ ঘোষকে সপাটে চড় আদালত চত্বরে !

● বাংলার মানুষ জানতে চায় খুন ও ধর্ষণের তদন্ত কতদূর এগোল ? ধর্ষকই খুনি না অন্য কেউ ? পর্দার পিছনে আর কে ? অনেকদিন তো হল,সত্য প্রকাশ হতে আর কতদিন লাগবে ?

● মোদির কেন্দ্র বারাণসীতে এক বি-টেক ছাত্রীকে গণধর্ষণের ঘটনার সাত মাসের মধ্যেই অভিযুক্তদের জামিন, ধর্ষকদের ফুল মালা দিয়ে অভ্যর্থনা বিজেপির, অভিযোগ! নিন্দার ঝড় সর্বত্র।

● ডাক্তারি শেখানোর নাম করে এক আদিবাসী নাবালিকা ছাত্রীকে ধর্ষণের অভিযোগে গ্রেপ্তার এক হাতুড়ে চিকিৎসক। প্রবল চাঞ্চল্য এলাকায়। ঘটনাটি ঘটেছে মালদার হবিবপুর থানা এলাকায়।

● সিভিক ভলেন্টিয়ারদের অবসরকালীন ভাতা ৩ লক্ষ টাকা থেকে বেড়ে হল ৫ লক্ষ টাকা।

● ধর্ষণের বিরুদ্ধে কড়া আইন চেয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি দিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● মধ্যপ্রদেশের উজ্জয়িনীতে প্রকাশ্য দিবালোকে ফুটপাতে এক মহিলাকে মদ খাইয়ে ধর্ষণের অভিযোগ। সোস্যাল মিডিয়ায় ভাইরাল ধর্ষণের ভিডিও। গ্রেফতার অভিযুক্ত যুবক।

● চুঁচুড়ার তৃণমূল বিধায়ক অসিত মজুমদারের বিরুদ্ধে মহিলাদের কুপ্রস্তাব দেওয়ার অভিযোগ ! সমাজ মাধ্যমে ভাইরাল মহিলা তৃণমূল কর্মীর অভিযোগ। প্রবল অস্বস্তিতে শাসকদল।

(এরপর চারের পাতায়)

## নাগরিক সমস্যা সমাধানে পূর্ব বর্ধমান জেলা পুলিশের উদ্যোগে চালু হল "ভরসা" অ্যাপ

নিজস্ব প্রতিবেদন - পূর্ব বর্ধমান জেলা পুলিশের উদ্যোগে সাধারণ মানুষের থেকে। তারপরেই সোমবার সকলের মধ্যে প্রচার করা হল এই ভরসা অ্যাপের



সমস্যা ও অভিযোগের দ্রুত সমাধানের জন্য চালু হল নতুন অ্যাপ,ভরসা। নাগরিক বান্ধব এই অ্যাপটি বাংলা এবং ইংরেজি দুটি ভাষাতেই প্লে স্টোরে পাওয়া যাবে। সাধারণ মানুষের সুবিধার্থে প্রায় দেড় থেকে দুই মাস ধরে এই অ্যাপটির সম্বন্ধে পর্যবেক্ষণ করা হচ্ছে পূর্ব বর্ধমান জেলা পুলিশের পক্ষ বৈশিষ্ট্য বা কাজ। সাধারণ মানুষের নিরাপত্তার কথা মাথায় রেখে মানুষের সমস্যা আর অভিযোগের দ্রুত সমাধানের জন্য নাগরিক বান্ধব ভরসা অ্যাপ চালু করল পূর্ব বর্ধমান জেলা পুলিশ। সোমবার নাগরিক বান্ধব এই ভরসা অ্যাপের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন পূর্ব বর্ধমান জেলা পুলিশ সুপার আমনদীপ।

## হুগলি গ্রামীণ পুলিশের উদ্যোগে সিঙ্গুরে ছাত্র ছাত্রীদের নিয়ে অনুষ্ঠিত হল "দৃষ্টি ভঙ্গীর পরিবর্তন" বিষয়ক সচেতনতা মূলক অনুষ্ঠান "উপলব্ধি"

নিজস্ব প্রতিবেদন - হুগলি গ্রামীণ জেলা পুলিশের উদ্যোগে এবং "কও কথা" নাট্য গোষ্ঠীর উপস্থাপনায় ৬ সেপ্টেম্বর, শুক্রবার সিঙ্গুর বিডিও অফিসে ও দৃষ্টি ভঙ্গীর পরিবর্তন সম্ভব সেই বিষয় নিয়েই এই ওয়ার্কশপ। বয়ঃসন্ধির সময় একজন ছেলে বা মেয়ের শারীরিক ও মানসিক পরিবর্তন,কৈশোর বয়সে একটি



সিঙ্গুর থানার অন্তর্গত বড়া মধুসুদন বিদ্যাপীঠে অনুষ্ঠিত হল দৃষ্টি ভঙ্গীর পরিবর্তন বিষয়ে সচেতনতা মূলক অনুষ্ঠান "উপলব্ধি"। অনুষ্ঠানের শুভ সূচনা করেন হুগলি গ্রামীণ পুলিশ সুপার কামনাশিস সেন। উপস্থিত ছিলেন হুগলি গ্রামীণ পুলিশের অতিরিক্ত এসপি, ডেপুটি এসপি হেড কোয়ার্টার,সিআই তারকেশ্বর, ওসি সিঙ্গুর,আইসি বড়া ও অন্যান্য পুলিশ আধিকারিক বৃন্দ। ছাত্র ছাত্রীদের প্রত্যক্ষ অংশগ্রহনের মাধ্যমে ছোট ছোট কাজের বা ভাবনার মাধ্যমে কি ভাবে ছেলে বা মেয়ের জীবনে বন্ধুদের প্রভাব, কু অভ্যাস কি করে নিয়ন্ত্রণ করবে, সোশ্যাল মিডিয়ায় তাদের আচরণ, বয়ঃসন্ধির সময়ের আবেগজনিত আচরণ ইত্যাদি বিষয় ছিল এই ওয়ার্কশপের আলোচ্য বিষয়। শুক্রবারের এই অনুষ্ঠানে বড়া বিটি হাউসের অধীন বড়া মধুসূদন হাইস্কুলের একাদশ ও দ্বাদশ শ্রেণীর মোট ৩০০ জন ছাত্র ছাত্রী এবং সিঙ্গুর থানার অধীন গোলাপ মোহিনী গার্লস হাইস্কুল ও মহামায়া হাই স্কুলের নবম, দশম ও একাদশ শ্রেণীর মোট ২৫০ ছাত্র ছাত্রী অংশগ্রহণ করে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

## দশঘরায় ভয়াবহ বাস দুর্ঘটনা,আহত ১৫

নিজস্ব প্রতিবেদন - হুগলি জেলার ধনেখালি ব্লকের দশঘরা নেলোর পাড়ের কাছে ১৭ নং রুটে সোমবার সহযোগিতায় এবং পুলিশের তৎপরতায় বাসের ভিতর থেকে যাত্রীদের উদ্ধার করা হয়। দুর্ঘটনায়



বিকেল পৌনে পাঁচটা নাগাদ ভয়াবহ দুর্ঘটনার কবলে পড়ে তারকেশ্বর-চুঁচুড়াগামী যাত্রীবাহী বাস। বাসের স্টিয়ারিং কেটে গিয়ে রাস্তার পাশে ড্রেনে বাসটি উল্টে যায় বলে স্থানীয় সূত্রে জানা গেছে। স্থানীয় সূত্রে আরও জানা গেছে, বাসে আনুমানিক ৪০/৪৫ জন যাত্রী ছিল। দুর্ঘটনা ঘটার সঙ্গে সঙ্গেই স্থানীয় বাসিন্দারা উদ্ধার কাজে হাত লাগায়। খবর পাওয়া মাত্রই দুর্ঘটনাস্থলে পৌঁছে যায় ধনেখালি থানার পুলিশ। স্থানীয় মানুষজনের একটি শিশু সহ কমবেশি আহত ১৫ জন যাত্রী। পুলিশের তৎপরতায় আহতদের দ্রুত ধনেখালি হাসপাতালে পাঠানো হয়। ঘটনার খবর পাওয়া মাত্রই আহতদের দেখতে হাসপাতালে পৌঁছান ধনেখালি পঞ্চায়েত সমিতির সহ সভাপতি সৌমেন ঘোষ, মৎস্য কর্মাধ্যক্ষ অরুণ মাঝি, হুগলি জেলা পরিষদের পূর্ত কর্মাধ্যক্ষ বিজন বেসরা, ধনেখালি থানার ওসি প্রসেনজিৎ ঘোষ প্রমুখ।প্রাথমিক চিকিৎসার পর আহতদের হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়।

## খবর সোজাসুজি'র খবরের জেরে পাঁচুর পাশে এসে দাঁড়াল পুলিশ , হাসি ফুটল সহায় সম্বলহীন প্রতিবন্ধী পাঁচুর মুখে

নিজস্ব প্রতিবেদন - খবর সোজাসুজি'র খবরের জেরে হাসি ফুটল সহায় সম্বলহীন প্রতিবন্ধী পাঁচুর মুখে। পাঁচুর পাশে এসে দাঁড়াল সংসার চালানো দায়। তার ওপর আবার আছে মাসে মাসে বাবার ওষুধ। তাই সংসার চালানোর জন্য রোজ সকালে পাঁচু গোপাল ট্রাই সাইকেল নিয়ে বেরিয়ে



পুলিশ। ব্যাটারি চালিত ট্রাই সাইকেল পেল হুগলির ধনেখালি ব্লকের গুড়াপ থানার অন্তর্গত খানপুরের দুঃস্থ প্রতিবন্ধী ব্যক্তি পাঁচু গোপাল গায়েন।পাঁচুর বয়স প্রায় ৫২ বছর। ইনি একজন প্রতিবন্ধী ব্যক্তি। তার বাড়িতে আছেন ৮০ বছরের বেশি বয়স্ক অসুস্থ বৃদ্ধ বাবা। পাঁচুর বাবার বার্ধক্য ভাতা এখনও চালু হয়নি। হতদরিদ্র পরিবার। আয় বলতে মাসে এক হাজার টাকা করে প্রাপ্ত পাঁচুর প্রতিবন্ধী ভাতা, যা দিয়ে বাপ-বেটার পড়েন ধূপকাঠি বিক্রি করতে। জীবন যুদ্ধে হার না মেনে প্রতিদিন এভাবেই চলে পাঁচুর বেঁচে থাকার লড়াই। আমাদের প্রতিনিধির মুখোমুখি হয়ে পাঁচু জানিয়ে ছিলেন তার ব্যাটারি চালিত ট্রাই সাইকেলের প্রয়োজনীয়তার কথা। খবর সোজাসুজি ফেসবুক পেজে ২০ আগষ্ট,২০২৪ পাঁচু গোপাল গায়েনের জীবন যুদ্ধ নিয়ে আমরা খবর করেছিলাম। আমাদের প্রচারিত খবর দেখে পাঁচু গোপাল গায়েনকে সাহায্য

(এরপর দুয়ের পাতায়)

# খবর সোজাসুজি

Volume-2 ● Issue- 7 ● 15 September, 2024


## বিচার এখনও অধরা !

ছত্রিশ দিন পার হয়ে গেল। এখনও জানা গেল না অপরাধী এক না একাধিক? খুন করে ধর্ষণ না ধর্ষণ করে খুন ? খুনি আর ধর্ষক কি একই ব্যক্তি না আলাদা ? এই সব হাজারো প্রশ্নের উত্তর এখনও অধরা।সিবিআই এখনও দিতে পারল না এই সব প্রশ্নের উত্তরগ্ধ।এখনও বিচার পেল না তিলোত্তমা,ন্যায় বিচার এখনও অধরাই রয়ে গেল। সিবিআই তদন্তের অগ্রগতি কতটা তাও মানুষ জানতে পারছে না।এখনও পর্যন্ত মুখ খোলেনি সিবিআই আধিকারিকরা।এদিকে তিলোত্তমার ন্যায় বিচারের দাবিতে সাধারণ মানুষের পাশাপাশি জুনিয়র ডাক্তারদের আন্দোলনের ঝাঁঝও ক্রমশ তীব্র হচ্ছে।আর এই আন্দোলনের জাঁতাকলে পরে হাসপাতালে এসে সময়মতো যথাযথ চিকিৎসা না পেয়ে প্রাণ যাচ্ছে সাধারণ গরীব মানুষের।জুনিয়র ডাক্তারদের দাবি দাওয়া নিয়ে আন্দোলন চলুক ক্ষতি নেই,কিন্তু পাশাপাশি সাধারণ মানুষকে চিকিৎসা পরিষেবাটাও দেওয়া অত্যন্ত জরুরি।জুনিয়র চিকিৎসকদের কর্মবিরতির জেরে চিকিৎসা পরিষেবা না পেয়ে ২৯ জন ব্যক্তি ইতিমধ্যেই মারা গেছেন বলে সরকারের পক্ষ থেকে দাবি করা হয়েছে।এই রকম পরিস্থিতিতে দু'পক্ষকেই ভাবতে হবে।সরকারের উচিত ইগো ত্যাগ করে আবারও খোলা মনে জুনিয়র ডাক্তারদের সঙ্গে আলোচনার টেবিলে বসার জন্য উদ্যোগ গ্রহণ করা।দু'বার ডাক দিয়েও আসেনি বলে তৃতীয় বার আর ডাকবো না ভাবলে ভুল হবে।কারণ যেকোনো সমস্যার সমাধান হতে পারে কেবলমাত্র আলোচনার মাধ্যমে।তাই জেদ ত্যাগ করে দু'পক্ষকেই আলোচনার টেবিলে বসার জন্য এগিয়ে আসতে হবে।কারণ আলোচনায় সব হয়।মনে রাখবেন,নমনীয় হলে কেউ ছোটো হয়ে যায় না,এটা তার মহত্ত্বের পরিচয়।এখানে জয় পরাজয়ের কোনো ব্যাপার নেই।বৃহত্তর স্বার্থে ইগো ত্যাগ করে দু'পক্ষকেই নমনীয় হতে হবে, গোঁ ধরে থাকলে চলবে না।তাহলে কিন্তু সমস্যা আরও বাড়বে, কমবে বলে মনে হয় না।তাই বাংলার আপামর জনগণের স্বার্থে স্বাস্থ্য ব্যবস্থাকে সচল রাখতে সরকারের উচিত জুনিয়র ডাক্তারদের দাবি দাওয়া গুলো খোলা মনে বিবেচনা করা,ন্যায় সঙ্গত দাবি গুলো মেনে নেওয়া।সর্বোপরি ডাক্তারদের নিরাপত্তা সুনিশ্চিত করা।জুনিয়র ডাক্তারদেরও সাধারণ মানুষের কথা ভাবতে হবে। দাবি দাওয়া থাকতেই পারে,তা বলে দীর্ঘদিন কর্মবিরতি করে হাসপাতালে অচলাবস্থা সৃষ্টি করে আন্দোলন ঠিক নয়গ্ধ।দাবি জানানোরও একটা পদ্ধতি আছে।সাধারণ মানুষকে মৃত্যুর মুখে ঠেলে দিয়ে আন্দোলন করা কখনোই সমীচীন নয়।

## ক্ষমা করো অভয়া

### সিদ্ধেশ্বর দত্ত

তুমি চেয়েছিলে ডাক্তার হতে  
থার্মোমিটার হাতে  
চেয়েছিলে হতে মানবসেবিকা  
স্টেথোস্কোপের সাথে।  
জীবনদাত্রী - ছড়াতে আলোক  
হেথায় মর্ত্যলোকে  
অসীম স্বপ্ন আঁকা ছিল ঐ  
উজ্জ্বল দুটি চোখে!  
মানব দেউলে আশার চিরাগ  
জ্বালাতে জীবন বাজি,  
একাধারে দেবী নাইটেঙ্গেল ,  
মাদার টেরিজা সাজি।  
কিছু লোভাতুর ঘৃণ্য পিশাচ  
নরখাদকের দল  
বড়ো নির্মম নিষ্ঠুরতায়  
যুগে যুগে যারা খল -  
কুটিল চক্র বা আরো কিছু  
আদিম লালসা বিকার  
তিলোত্তমা স্নেহের অভয়া  
তুমি যে তাদের শিকার!  
আমরা পারিনি রক্ষিতে তব  
শয়তানি হাত হতে  
ভয়াল নিঠুর আর্তনাদেও  
থেকেছি মৌন ব্রতে!  
নিভে গেল আলো, থেমে গেল সুর  
আশাভরা কত গান  
সব স্বপ্নের আজি অবসান  
ভেঙ্গে হলো খানখান!  
নীরব নিথর দেহ খানি বুঝি  
বলে গেল বহু কথা  
" মানুষ "আমরা হইনি আজিও  
ধিক্ ধিক্ সভ্যতা!  
এ পাপ লজ্জা তোমার আমার  
অপমানে ঢাকো মুখ  
বোবা কান্নায় হৃদয় বিদ্ধ,  
ভেঙ্গেছে পাঁজর বুক!  
কন্যা আমার ভগিনী আমার  
আমার অভয়া মা গো -  
নিষ্পাপ মুখে যেন অকথিত  
" এবার তোমরা জাগো "  
স্বর্গের দেবী পথ ভুলে তুমি  
এসেছিলে উমা রমা  
ভগিনী আমার কন্যা আমার  
অভয়া করো মা ক্ষমা !!

## নিরপেক্ষ নই, শান্তির পক্ষে

পার্থ পাল

শরণার্থী শিবিরের এক চিলতে মাঠে ফুটবল খেলছিল এক দঙ্গল কিশোর। আপাতত শান্তির পরিবেশ। একটি ছেলের গোলার মত জোরালো শর্টে গোল হতেই উল্লাসে ফেটে পড়ল উপস্থিত সকলে। জালের আগল না থাকায় বলটি গিয়ে পড়ল খানিক দূরের ঝোপে। তা কুড়িয়ে আনতে ছুটলো ইউনুস। ঝোপের ভিতর থেকে বলটা কুড়োনোর সময়েই সে শুনতে পেল কান ফাটানো আওয়াজ। সে ঘুরে দেখল, চারপাশ ভরে গেছে ধোঁয়ায়। মৃত্যুযন্ত্রণার আর্তচিৎকারে ভারী হয়ে উঠেছে পরিবেশ। খানিক পরে ধোঁয়া কমতে সে দেখতে পেল তার এতক্ষণে খেলার সাথী, বন্ধুদের আর কেউ আস্ত নেই! চারিদিকে ছড়িয়ে ছিটিয়ে পড়ে রয়েছে তাদের দেহাংশ। মাঠের ছিন্নবিচ্ছিন্ন ঘাস রক্তে লাল।

এটি গল্পকথা নয় ; চূড়ান্ত ও সমসাময়িক বাস্তব। ঘটনাটি ঘটেছে প্যালেস্টাইন অধ্যুষিত গাজা ভূখণ্ডে। দীর্ঘদিন যাবৎ প্যালেস্টাইন ও ইসরায়েল - দুই পশ্চিম এশিয় প্রতিবেশী দেশের মধ্যে চরম পর্যায়ের রেষারেষি অব্যাহত। গত এক বছর ধরে তা রক্তক্ষয়ী। ইসরায়েল হামাস জঙ্গিগোষ্ঠীকে উচিত শিক্ষা দিতে চায়। অন্যদিকে হামাসরা গাজা ভূখণ্ডকে ব্যবহার করে ইসরায়েলকে ব্যতিব্যস্ত করতে চায়। এই দুই রাজনীতির টক্করে পড়ে উলুখাগড়া - সাধারণ জনগণের প্রাণ যায় মুড়ি-মুড়কির মতো। সেখানে কার কখন মৃত্যু হবে কেউ জানে না। এখন অবধি সেখানে উভয় পক্ষের মৃত্যু হয়েছে প্রায় একুশ হাজার জনের। গাজায় পোলিও টিকাকরণের জন্য যুদ্ধ বিরতিতেও সায় দেয়নি ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। স্কুলের আশ্রয় শিবিরে বোমা ছুঁড়েছেন তাঁরা। এমতাবস্থায় জাতিসংঘই বিবৃতি দিয়ে জানিয়েছে ' গাজার কোন স্থানই নিরাপদ নয়।' নিরাপদ নয় ছবির মত সৌন্দর্য্যের দেশ ইউক্রেনও। গত বছরের ফেব্রুয়ারি থেকে রাশিয়ার সঙ্গে



এদেশের যুদ্ধ বেঁধেছে। যা চলছে এখনও। মুহুর্মুহু মিসাইল হানায় গুঁড়িয়ে গিয়েছে রাজধানী শহর কিভের বহু বহুতল। রাশিয়ার ছোঁড়া ক্রুজ ক্ষেপণাস্ত্র, ড্রোনবাহিত বোমা, এবং ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের আক্রমণে ব্যতিব্যস্ত ইউক্রেন। প্রত্যাঘাত করছে তারাও। এছাড়া বাঁচার যে কোনও উপায়ও নেই। কারণ, কথাতেই আছে- 'শক্তি না থাকলে শান্তি থাকে না'।

তবে সব ক্ষেত্রে সে সূত্র কাজে লাগে না। অর্থনৈতিক অবস্থান, জমির অধিকার বা জাতিগত বিদ্বেষও যুদ্ধের কারণ হয়। যেমন হচ্ছে আমাদের দেশের এক অঙ্গরাজ্য- মণিপুরে। গতবছরের মে মাস থেকে সেখানে কুকি ও মেইতেই নামের দুই জনগোষ্ঠীর মধ্যে লাগাতার সংঘর্ষ চলেছে। সে সংঘর্ষ রক্তক্ষয়ী। ড্রোন ও ক্ষেপণাস্ত্র হানায় এ মাসেই এখন পর্যন্ত আটজনের মৃত্যু হয়েছে। রাজ্যে 'ডাবল ইঞ্জিন' সরকার থাকা সত্ত্বেও এ রক্তক্ষয়, অশান্তি থামছে না কেন - এ প্রশ্ন এখন জাতীয় স্তরে জ্বলন্ত।

অশান্তি যে কেবল যুদ্ধকেন্দ্রিক হবে তারও কোনো মানে নেই। প্রাকৃতিক বিপর্যয়ও বহু প্রাণঘাতী অশান্তি ডেকে আনতে পারে। যেমন এনেছিল তুরস্ক ও সিরিয়ায়। গত বছর ফেব্রুয়ারি মাসে এক ভয়ঙ্কর ভূমিকম্পে সেখানে প্রায় পঞ্চাশ হাজার মানুষের মৃত্যু হয়। নিশ্চিহ্ন হয়ে যায় বহু পরিবার। তার কিছুদিন পরেই নভেম্বর মাসে মরোক্কোয় মাঝারি মাপের ভূমিকম্পে প্রায় তিন হাজার মানুষ প্রাণ হারান। আফগানিস্তানে ভূমিকম্পে প্রাণ যায় দুহাজার জনের। মৃত্যু মিছিল সেখানকার সমাজ ব্যবস্থাটাকে নড়বড়ে করে দেয়। প্রাণে বেঁচে যাওয়া মানুষদের মাঝে নেমে আসে অশান্তির কালো মেঘ। বিশ্বজুড়ে তাপমাত্রার মাত্রাছাড়া বাড়বাড়ন্ত, বিধ্বংসী বন্যা, আগ্নেয়গিরির অগ্নুৎপাত, জনবিস্ফোরণের অসহ চাপ, উপায়হীন দারিদ্র্যের জীবন সংগ্রামও অশান্তির ইন্ধন। পেটের জ্বালায়, অন্ধকার ভবিষ্যতের আতঙ্কে মানুষ দলে দলে এক দেশ ছেড়ে অন্য দেশে পাড়ি দেয়। সেই দেশ এদের আপদ ভেবে দূরে ঠেলে। তখন রোহিঙ্গাদের মত কিছু দুর্ভাগা জাতি অশান্তির অনন্ত কৃষ্ণগহ্বরে ছটফট করে। শান্তি তাঁদের কাছে মরীচিকা মাত্র।



"আমি মুখ্যমন্ত্রী হিসেবে আসিনি,আমি দিদি হিসেবে আপনাদের কাছে অনুরোধ করতে এসেছি", স্বাস্থ্য ভবনের সামনে জুনিয়র ডাক্তারদের ধর্না মঞ্চে হাজির হয়ে জুনিয়র ডাক্তারদের কাজে ফেরার অনুরোধ জানালেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।



পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের জাড়গ্রাম গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত নারায়ণপুর থেকে গোপালবাটি যাবার দিকে কানানদী ক্যানেলের বাঁধের ওপর এভাবেই পড়ে আছে সদ্য কাটা ইউক্যালিপটাস গাছ। বিভিন্ন জায়গায় ডিভিসির ক্যানেল ধারের বড় বড় গাছ বনদপ্তরের অনুমতি ছাড়া বেআইনি ভাবে কাটা হচ্ছে বলে অভিযোগ। বেআইনি ভাবে গাছ কাটা রুখতে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করুক প্রশাসন,চাইছেন এলাকার মানুষজন।

(প্রথম পাতার পর)

## প্রতিবন্ধী পাঁচুর মুখে

করতে এগিয়ে এলেন গুড়াপ থানার ওসি বাপি হালদার। ১ সেপ্টেম্বর শুভ পুলিশ দিবসে গুড়াপ থানা প্রাঙ্গনে পাঁচু গোপালের হাতে ব্যাটারি চালিত ট্রাই সাইকেল তুলে দিলেন হুগলি গ্রামীণ পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার কল্যাণ সরকার। উপস্থিত ছিলেন হুগলি গ্রামীণ পুলিশের ডিএসপি ডি এন্ড টি প্রিয়ব্রত বক্সী, গুড়াপ থানার ওসি বাপি হালদার সহ অন্যান্য পুলিশ আধিকারিকগণ। নতুন ব্যাটারি চালিত ট্রাই সাইকেল পেয়ে খুশি পাঁচু গোপাল গায়েন। খবর সোজাসুজি'র পাশাপাশি তিনি ধন্যবাদ জানিয়েছেন গুড়াপ থানার ওসি সহ সমস্ত পুলিশ প্রশাসনকে। পুলিশ প্রশাসনের এই ধরনের মানবিক উদ্যোগের প্রশংসায় পঞ্চমুখ এলাকার মানুষজন।

# বর্ধমানে অনুষ্ঠিত হল দু'দিন ব্যাপী বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদন - পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের শিশু কিশোর আকাদেমি আয়োজনে ও পূর্ব বর্ধমান জেলা তথ্য ও সংস্কৃতি



দপ্তরের সহযোগিতায় বর্ধমান কৃষি খামারে এক প্রাকৃতিক মনোরম পরিবেশে সম্প্রতি অনুষ্ঠিত হল দুদিন ব্যাপী বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা। পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি ও বীরভূম এই চারটি জেলা থেকে মোট ১৯৩ জন প্রতিযোগী ৪ সেপ্টেম্বর প্রথম দিন ক বিভাগে অংশ গ্রহণ করেছিলেন এবং ৫ সেপ্টেম্বর দ্বিতীয় দিন খ বিভাগে ২৩৭ জন প্রতিযোগী অংশ গ্রহণ করেছিলেন বলে জানা গেছে। রবীন্দ্রসঙ্গীত, নজরুলগীতি,আবৃত্তি, লোকসঙ্গীত,রাগপ্রধান গান, শাস্ত্রীয় নৃত্য ও তাৎক্ষণিক বক্তৃতা বিভাগে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। তাৎক্ষণিক বক্তৃতা শুধুমাত্র ''খ'' বিভাগের জন্য। প্রতিটি বিভাগের প্রথম,দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীদের হাতে শংসাপত্র ও পুরস্কার তুলে দেওয়া হয়। এছাড়া প্রত্যেক অংশগ্রহনকারীদের শংসাপত্র দেওয়া হয়। শিশুদের এইরকম প্রতিযোগিতামূলক অনুষ্ঠানের আয়োজন খুশি অভিভাবকরা। এইরকম আয়োজন বেশি হলে শিশুদের সাংস্কৃতিক মান উন্নয়নের সুবিধা হবে এবং এক সাংস্কৃতিক পরিবেশ গড়ে উঠবে বলে বাবা মায়েদের মতামত। সারা বছর ধরে তথ্য ও সংস্কৃতি দপ্তরের বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনে খুশি জেলার বুদ্ধিজীবী ও সংস্কৃতিভাবাপন্ন মানুষজন। বর্ধমান কৃষি খামারে এই বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতার শুভ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমান জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক রাম শঙ্কর মন্ডল,পূর্ব বর্ধমান জেলা পরিষদের কর্মাধ্যক্ষ শান্তনু কোনার সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

# বর্ধমানে অনুষ্ঠিত হল পাঁচ দিন ব্যাপী আবাসিক নাট্য কর্মশালা

নিজস্ব প্রতিবেদন - পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি আয়োজনে ও পূর্ব বর্ধমান জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় ৯ - ১৩ সেপ্টেম্বর পর্যন্ত বর্ধমান কৃষি খামারে অনুষ্ঠিত হল পাঁচ দিনের আবাসিক নাট্য কর্মশালা। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি শ্যামা প্রসন্ন লোহার, শিক্ষা কর্মাধ্যক্ষ শান্তনু কোনার,পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সদস্য রাকেশ ঘোষ ও রুদ্রপ্রসাদ চক্রবর্তী, প্রশিক্ষক তরুণ প্রধান ও সুদীপ্ত কুন্ডু সহ সংস্কৃতি ভাবাপন্ন বিশিষ্ট ব্যক্তিবর্গ। এই কর্মশালায় পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, বীরভূম ও হুগলি জেলা থেকে ২০ জন ছাত্র ছাত্রী অংশগ্রহণ করেন। ইন্টারভিউয়ের মাধ্যমে এই ছাত্র ছাত্রীদের নির্বাচন



করা হয়। সুন্দর প্রাকৃতিক পরিবেশে এই কর্মশালার আয়োজনে খুশি ছাত্র ছাত্রী ও প্রশিক্ষকরা। কর্মশালা শেষে ছাত্র ছাত্রীদের শংসাপত্র দেওয়া হয়। কর্মশালা সুষ্ঠ ভাবে করার জন্য সমস্ত রকম ব্যবস্থা করা হয়েছে বলে জানিয়েছেন পূর্ব বর্ধমান জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক রাম শঙ্কর মণ্ডল।

# বর্ধমানে ধুন্ধুমার! ডিএম অফিস ঘেরাও অভিযানে পুলিশের ব্যারিকেড ভাঙল বিজেপি কর্মী সমর্থকরা

নিজস্ব সংবাদদাতা - আরজি কর কান্ডে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের পদত্যাগ চেয়ে সোমবার ২ সেপ্টেম্বর সারা রাজ্যের সঙ্গে বর্ধমানেও পথে নামল বিজেপি। বর্ধমানে বিজেপির ডিএম অফিস অভিযান ঘিরে পুলিশি ঘেরাটোপ ছিল চোখে পড়ার মতো। করা হয়েছিল তিনটে পুলিশি ব্যারিকেড। মজুত ছিল জল কামান। দুটো ব্যারিকেড ভেঙে মূল ব্যারিকেডের সম্মুখীন হয়ে স্লোগান দিতে থাকে বহু বিজেপি কর্মী সমর্থকেরা।পরে কয়েকজন বিজেপির প্রতিনিধিকে ছাড়া হয় জেলা শাসকের দপ্তরের উদ্দেশ্যে ডেপুটেশন দেওয়ার



জন্য। বিজেপি জেলা সভাপতি অভিজিৎ তা বলেন, ''আমরা মুখ্যমন্ত্রীর পদত্যাগ চেয়ে আজকে জেলা শাসক দপ্তর ঘেরাও অভিযান কর্মসূচি রেখেছিলাম। আরজি কর কাণ্ডের যে চরম লজ্জাজনক ঘটনা তার জন্য দায়ী রাজ্য প্রশাসনের নিয়ম কানুন।''




আরজি কর কান্ডে দোষীদের ফাঁসির দাবিতে এবং দেশব্যাপী ধর্ষণ বিরোধী কঠোর আইন প্রণয়নের দাবিতে ধনেখালি বাসস্ট্যান্ডে তৃণমূল মহিলা কংগ্রেসের অবস্থান বিক্ষোভ সমাবেশ থেকে সিবিআইয়ের পাশাপাশি বিজেপি,সিপিএমকেও তুলোধোনা করলেন ধনেখালির বিধায়ক অসীমা পাত্র।




আরজি কর কান্ডে দোষীদের ফাঁসির দাবিতে ধনেখালির বিধায়ক অসীমা পাত্র ও ধনেখালি ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি সৌমেন ঘোষের নেতৃত্বে ধনেখালির হারপুর মোড় থেকে মদনমোহনতলা পর্যন্ত তৃণমূলের বিক্ষোভ মিছিলে জন জোয়ার।



পুলিশ কমিশনারের অপসারণের দাবিতে বামেদের লালবাজার অভিযান।

# কোটি টাকার ছিনতাইয়ে যুক্ত থাকার অভিযোগে গ্রেফতার ২ পুলিশকর্মী সহ ৬ জন

নিজস্ব সংবাদদাতা - দিল্লির এক ব্যবসায়ীর এক এজেন্টের কাছ হতে দুর্গাপুরে জাতীয় সড়কে গাড়ি দাঁড় করিয়ে ছিনতাই করা হয় এক কোটি এক লক্ষ টাকা, অভিযোগ। আর এই ছিনতাই কান্ডে জড়িয়ে গেল দুই পুলিশ কর্তা। ছিনতাই এর ঘটনায় দুর্গাপুর পুলিশের এক কর্তা আর সিআইডি দুর্গাপুরের এক কর্তাকে গ্রেফতার করা হয়। এছাড়াও গ্রেফতার হয় পুলিশের কাজ থেকে বরখাস্ত এক কর্মী। ছিনতাইয়ে যুক্ত থাকার অভিযোগে মোট ছয়জনকে গ্রেফতার করা হয়েছে বলে জানান আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডিসিপি অভিষেক গুপ্তা। শনিবার তাদেরকে আদালতে তোলা হয়। আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডিসিপি অভিষেক গুপ্তা জানান, এখন তদন্ত চলছে,পুলিশ বলে ছাড় দেওয়া হবে না। আইন আইনের পথেই চলবে।

KHABOR SOJASUJI
RNI.NO.WBBEN/2023/87806

**রজিপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ**
ঠিকানা: গ্রামঃশেওড়া, পোষ্টঃকানানদী, জেলা- হুগলী
নিবন্ধনসংখ্যা (Registration No)- ৫০ H.G., তারিখ :০১/০৫/১৯৬১

**খসড়া নির্বাচক তালিকা(Draft Voter List) সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সমবায় সমিতি সমুহের যুগ্ম-নিবন্ধক, হুগলী রেঞ্জ তথা হুগলী রেঞ্জের সমবায় সমিতি সমুহের নির্বাচন সংশ্লিষ্ট বিষয়ক রিটার্নিং অফিসারের আদেশ নং ৮৩০ তারিখ ২৫/০৭/২০২৪ দ্বারা ক্ষমতা প্রাপ্ত হয়ে নিম্নস্বাক্ষরকারী শ্রী চঞ্চল রায় সমবায় পরিদর্শক ধনিয়াখালী ব্লক তথা সহকারি রিটার্নিং অফিসার রজিপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ এর সমস্ত সদস্য/সদস্যাগণ কে জানাচ্ছি যে উক্ত সমিতির আসন্ন পরিচালক মণ্ডলীর নির্বাচন উপলক্ষে অত্র (অর্থাৎ ১৩-০৯-২০২৪ এর) বিজ্ঞপ্তির সঙ্গে নির্বাচন ক্ষেত্র ভিত্তিক খসড়া নির্বাচক তালিকা সংযোজিত হল যা এই বিজ্ঞপ্তির অংশ হিসাবে পরিগণিত হবে। ঐ নির্বাচক তালিকা সংক্রান্ত কোন সংযোজন/সংশোধন কিংবা বিয়োজন বিষয়ে কোন সদস্যের কোন বক্তব্য থাকলে অভিযোগের স্বপক্ষে প্রমান তথ্যাদি সহ আবেদনকারী নিজে অথবা তাঁর দ্বারা ক্ষমতাপ্রাপ্ত (Authorized) ব্যক্তি তা লিখিত ভাবে ইংরাজী ২৩/০৯/২০২৪ তারিখ হতে ২৫/০৯/২০২৪ তারিখের মধ্যে রজিপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ এর অফিসে যে কোন কাজের দিন সকাল ১০ ঘটিকা হইতে দুপুর ২ ঘটিকার মধ্যে প্রাপ্তি স্বীকার সাপেক্ষে জমা দিতে পারবেন। উপরোক্ত বক্তব্যের উপর আগামী ইংরাজী ২৬/০৯/২০২৪ তারিখ সকাল ১১ ঘটিকা থেকে দুপুর ২ ঘটিকার মধ্যে সহকারি রিটার্নিং অফিসার, রজিপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড-এর দ্বারা সমিতির অফিস গৃহে শুনানি হবে। ব্যক্তিগতভাবে নির্ধারিত দিনে অভিযোগকারীকে উপস্থিত থাকতে এবং সচিত্র পরিচয়পত্র সঙ্গে আনতে বলা হচ্ছে। অন্যথায় একতরফা সিদ্ধান্ত গৃহীত হবে। শুনানি শেষে চূড়ান্ত নির্বাচক তালিকা (Final Voter List) আগামী ইংরাজী ০১-১০-২০২৪ তারিখ বৈকাল ৪ ঘটিকায় সমিতির অফিসের নোটিশ বোর্ডে প্রকাশিত হবে।

তারিখ: ১৩-০৯-২০২৪

চঞ্চল রায়।
চঞ্চল রায়
সহকারী রিটার্নিং অফিসার
ধনিয়াখালী সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ

# মেয়রের অপমানজনক মন্তব্যের বিরুদ্ধে শিরদাঁড়া নিয়ে বিক্ষোভ কলকাতা পৌরসভার ইঞ্জিনিয়ারদের !

নিজস্ব সংবাদদাতা - কলকাতা পৌর সংস্থার ইঞ্জিনিয়ারদের বিরুদ্ধে মেয়রের অপমানজনক মন্তব্যের জেরে এবার মেয়র ফিরহাদ হাকিমের শিরদাঁড়া নিয়ে বিক্ষোভে ফেটে পড়লেন কলকাতা পৌর সংস্থার ইঞ্জিনিয়াররা। প্রসঙ্গত উল্লেখ্য,গত ৩১ আগস্ট টক টু মেয়র অনুষ্ঠানে ইঞ্জিনিয়ারদের বিরুদ্ধে টাকা তোলার অভিযোগ করেন মেয়র ফিরহাদ হাকিম। তার পরেই ক্ষোভে ফেটে পড়েন পৌর ইঞ্জিনিয়াররা। তাই প্রতীকী শিরদাঁড়া নিয়ে মেয়রের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন তারা। তাদের অভিযোগ আগে প্রশাসন নিজেদের মেরুদন্ড সোজা করুক তার পরে তারা ইঞ্জিনিয়ারদের বিরুদ্ধে কথা বলবে। কেএমসি ইঞ্জিনার্স আন্ড অ্যালাইড সার্ভিসেসের সাধারণ সম্পাদক মানস সিনহা অভিযোগ করেন, টক টু মেয়র অনুষ্ঠানে মেয়র সাধারণ মানুষের সামনে সামাজিক মাধ্যমে ইঞ্জিনিয়ারদের অপমান করেছেন। শুধু



তাই নয়,তিনি ইঞ্জিনিয়ারদের সম্মানহানি করেছেন বলে অভিযোগ তার। মানস সিনহার আরও অভিযোগ, গার্ডেনরিচ এলাকায় কোন্ সিন্ডিকেট চলেছে যে বিগত ১৪ বছরে একটাও বাড়ির সিসি করা হয়নি। এদিন তারা হাতে মেয়রের শিরদাঁড়া সোজা করার দাবিকে কেন্দ্র করে প্রতীকী মেরুদন্ড নিয়ে বিক্ষোভ মিছিল করেন। বুধবার কলকাতা পৌর সংস্থার বিল্ডিং বিভাগের সামনে থেকে বিক্ষোভ মিছিল সংগঠিত করে সমস্ত বিভাগে ঘুরে ঘুরে বিক্ষোভ দেখান। মিছিল শেষে আবার কলকাতা পৌর সংস্থার বিল্ডিং বিভাগে অবস্থান করেন ইঞ্জিনিয়াররা। এদিন আর জি করের ঘটনায় ন্যায় বিচারের দাবিতে ব্ল্যাক ব্যাচ পড়ে বিক্ষোভ মিছিলে সামিল হন কলকাতা পৌর সংস্থার বামপন্থী ইঞ্জিনিয়ার দের সংগঠন কেএমসি ইঞ্জিনিয়ার আন্ড অ্যালাইড সার্ভিসেসের সদস্যরা।

# পাইপ চুরি কান্ডের কিনারা করল দেওয়ান দীঘি থানার পুলিশ,গ্রেফতার ৭

নিজস্ব প্রতিবেদন - পাইপ চুরি কান্ডের তদন্তে নেমে বড়সড় সাফল্য পেল পূর্ব বর্ধমান জেলা পুলিশ। পূর্ব বর্ধমানের দেওয়ান দীঘি থানা এলাকা থেকে পিএইচই'র পাইপ চুরি কান্ডে কলকাতা, হাওড়া ও মুর্শিদাবাদ থেকে ৭ জনকে গ্রেফতার করল দেওয়ান দীঘি থানার পুলিশ।ধৃত ৭ জনের মধ্যে কলকাতা থেকে ২ জন,হাওড়া থেকে ২ জন এবং মুর্শিদাবাদ থেকে ৩ জনকে



গ্রেফতার করেছে পুলিশ।পিএইচই'র কাজের জন্য কন্ট্রাক্টরের রেখে দেওয়া ৪৪ টি পাইপ চুরির কেসের তদন্তে নেমে হাওড়া থেকে ১৭০টি চোরাই পাইপ উদ্ধার করল পূর্ব বর্ধমান জেলা পুলিশের দেওয়ান দীঘি থানার পুলিশ।আরও চোরাই পাইপ উদ্ধারের সম্ভাবনা রয়েছে এবং আরও কয়েকজনকে গ্রেফতার করা হতে পারে বলে সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন পূর্ব বর্ধমান জেলা পুলিশ সুপার আমনদীপ।পাইপ চুরি কান্ডের চক্রটিকে ধরতে জোরকদমে তদন্ত শুরু করেছে পুলিশ।

(প্রথম পাতার পর)

## এক নজরে

● আরজি কর কান্ডের প্রতিবাদে রাজ্য জুড়ে বিজেপির ব্লক অফিস ঘেরাও অভিযানের ছিটেফোঁটা আঁচও পড়ল না ধনেখালিতে।ব্লক অফিসে দেখা মিলল না বিজেপি কর্মীদের।বিজেপির ডেপুটেশন ঘিরে সারা রাজ্য উত্তাল হলেও শান্ত থাকলো ধনেখালি।

● এই তীব্র গরমে ঘন ঘন লোডশেডিং। নাজেহাল অবস্থা মানুষের।কারেন্ট একবার গেলে ঘন্টা খানেক আর আসার নাম নেই ! প্রায় রোজই এক সমস্যা,অভিযোগ।জামালপুর ইলেকট্রিক অফিসের পরিষেবায় তিতিবিরক্ত মানুষজন।ইলেকট্রিক বিল তো চুপিসারে দিন দিন বাড়ছে,পরিষেবা কোথায়? উঠছে প্রশ্ন।

● ডাকাতির উদ্দেশ্যে জড়ো হওয়া ৩ সশস্ত্র দুষ্কৃতীকে বুধবার রাতে ব্যান্ডেল সীমান্তবর্তী পোলবার সাতরক্ষী গ্রামের একটি আমবাগান থেকে গ্রেফতার করল পোলবা থানার পুলিশ।

● নজীর বিহীন ঘটনার সাক্ষী থাকল বাংলা।বুধবার রাত ন'টা থেকে দশ'টা পর্যন্ত আরজি কর কান্ডে ন্যায় বিচারের দাবিতে গ্রাম থেকে শহর সর্বত্র নিভে গেল সব আলো,জ্বলে উঠল মোমবাতি।গ্রাম থেকে শহর সর্বত্র আছড়ে পড়ল প্রতিবাদের ঢেউ।

● একাদশ ও দ্বাদশ শ্রেণীর পড়ুয়াদের ৫ সেপ্টেম্বর থেকে ট্যাব/মোবাইল কেনার জন্য টাকা দেওয়া প্রশাসনিক কারণে আপাতত স্থগিত রাখল রাজ্য সরকার।

● জামালপুরের নন্দনপুর সমবায় সমিতির নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী তৃণমূল।

● ধনিয়াখালি সমবায় সমিতি নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী তৃণমূল।

● ধনেখালি থানার পুলিশের তৎপরতায় চুরি যাওয়া সোনার গহনা ফেরত পেল প্রভাতী।তারকেশ্বর থেকে বাড়ি ফেরার পথে বাস থেকে চুরি যাওয়া সোনার গহনা ফেরত পেয়ে পুলিশের প্রশংসায় পঞ্চমুখ ধনেখালির মির্জাপুরের প্রভাতী হাজরা।

● পূর্ব বর্ধমানের ভাতারে মানসিক প্রতিবন্ধী ২১ বছর বয়সী এক যুবতীকে ধর্ষণের আধ ঘন্টার মধ্যেই ধর্ষণে অভিযুক্ত যুবককে গ্রেফতার করল ভাতার থানার পুলিশ।

● আরজি কর কান্ডের আবহে হুগলির হরিপালে নাবালিকা স্কুল ছাত্রীকে যৌন নিগ্রহের অভিযোগে জেলাজুড়ে তোলপাড়।দোষীদের দ্রুত চিহ্নিত করে কঠোর শাস্তির দাবিতে হরিপাল থানা ঘেরাও করে বাম ছাত্র যুব ও মহিলা সংগঠনের কর্মীদের তুমুল বিক্ষোভ।

● দক্ষিণ দিনাজপুরের হরিরামপুর থানা এলাকায় আদিবাসী কিশোরীকে ধর্ষণের অভিযোগ তার নিজের বাবার বিরুদ্ধে ! প্রবল চাঞ্চল্য এলাকায়। ইতিমধ্যেই গ্রেফতার অভিযুক্ত।

● পূর্ব বর্ধমানের কাটোয়ায় সাড়ে চার বছরের শিশু কন্যাকে যৌন নির্যাতনের ঘটনায় অভিযুক্তকে গ্রেফতার করল পুলিশ।

● রাত দখল,ভোর দখলের নাম করে বিজেপি সিপিএম রাতের অন্ধকারে তাদেরই আন্দোলনকারী কোনো মহিলার শ্লীলতাহানি করে শাসকদলের ওপর দোষ চাপানোর চেষ্টা করছে বলে বিস্ফোরক মন্তব্য করলেন সিঙ্গুরের বিধায়ক তথা রাজ্যের কৃষিজ বিপণন মন্ত্রী বেচারাম মান্না।

● জুনিয়র চিকিৎসকদের কর্মবিরতির জেরে ২৯ জন মৃতের পরিবারকে ২ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার কথা ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● আরজি কর কান্ডের প্রতিবাদে রাজ্যসভার সাংসদ পদ ও রাজনীতি ছাড়ছেন তৃণমূলের রাজ্যসভার সাংসদ জহর সরকার,চিঠি লিখে জানিয়ে দিলেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়কে।



খানাকুল থানার নতিবপুর বরখানতলা এলাকা থেকে প্রায় ৬ কুইন্টাল অবৈধ শব্দ বাজি উদ্ধার করল খানাকুল থানার পুলিশ।

FARHAD HOSSAIN
Channel Partner
শেয়ার ও মিউচুয়াল ফান্ডে বিনিয়োগের জন্য যোগাযোগ করুন। 7718563194
KHANPUR HOOGHLY WEST BENGAL KHANPUR, HOOGHLY, WEST BENGAL, INDIA 712308
farhad05ster@gmail.com
AngelOne
www.angelone.in

Owner, Publisher & Printer- Israil Mallick , Published from- Vill- Mathurapur, P.O.- Shiptai, P.S. Jamalpur, Dist- Purba Bardhaman Pin- 712308, State-West Bengal
Printed at- Two Star Offset Press, 27 No. Laskardighi West (Near Rongtuli Goli), Burdwan, Pin- 713101
Editor- ISRAIL MALLICK, Mobile - 9434566498, E-mail -khaborsojasuji@gmail.com